গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়**
আগারগাঁও, শেরে বাংলা নগর
ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd



# বিজ্ঞপ্তি

নং- ৮০.০০.০০০০.১০৯.১১.০০৩.২৬(অংশ-১)৮৮৪

তারিখ ০৮ অগ্রহায়ণ ১৪৩৩ / ২৩ নভেম্বর ২০২৬

**বিষয়: শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন পলিটেকনিক ইনস্টিটিউটের ৯ম গ্রেডের "ওয়ার্কসপ সুপার (ইলেকট্রনিক্স)" ও "ওয়ার্কসপ সুপার (আর্কিটেকচার এন্ড ইন্টেরিয়র ডিজাইন)" পদের লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ফলাফল প্রকাশ।**

শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন পলিটেকনিক ইনস্টিটিউটের ৯ম গ্রেডের "ওয়ার্কসপ সুপার (ইলেকট্রনিক্স)" [বিজ্ঞপ্তির তারিখ: ৩১.০৮.২০২৫ ও বিজ্ঞপ্তি নং-১০৩] পদের লিখিত পরীক্ষা ১৬.০৮.২০২৬ তারিখে ও "ওয়ার্কসপ সুপার (আর্কিটেকচার এন্ড ইন্টেরিয়র ডিজাইন)" [বিজ্ঞপ্তির তারিখ: ৩১.০৮.২০২৫ ও বিজ্ঞপ্তি নং-১০৪] পদের লিখিত পরীক্ষা ২০.০৮.২০২৬ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত পদসমূহের লিখিত পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীদের মধ্যে নিম্নবর্ণিত রেজিস্ট্রেশন নম্বরধারী প্রার্থীগণ সাময়িকভাবে উত্তীর্ণ হয়েছেন:

**ক. ওয়ার্কসপ সুপার (ইলেকট্রনিক্স) (৯ম গ্রেড)** [বিজ্ঞপ্তির তারিখ: ৩১.০৮.২০২৫ ও বিজ্ঞপ্তি নং-১০৩]:

**000010 000189 200041 total=3 জন**

**খ. ওয়ার্কসপ সুপার (আর্কিটেকচার এন্ড ইন্টেরিয়র ডিজাইন)** [বিজ্ঞপ্তির তারিখ: ৩১.০৮.২০২৫ ও বিজ্ঞপ্তি নং-১০৪]:

**000090 400014 400065 total=3 জন**

০২. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের BPSC Form-5A (Applicant's Copy) এর সাথে নিম্নোক্ত কাগজপত্র/তথ্যাদির সত্যায়িত কপি জমা দিতে হবে:

ক. প্রবেশপত্রের কপি;
খ. সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি;
গ. বয়স প্রমাণের জন্য শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত এস.এস.সি/সমমানের মূল/সাময়িক সনদের সত্যায়িত কপি। 'ও' লেভেল এবং 'এ' লেভেল ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে জন্ম তারিখ সংবলিত দালিলিক প্রমাণ জমা দিতে হবে। বয়স প্রমাণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য হবে না;
ঘ. বিদেশ থেকে অর্জিত ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি/শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের সত্যায়িত ফটোকপি; [প্রযোজ্য ক্ষেত্রে];
ঙ. মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনার পুত্র/কন্যাদের ক্ষেত্রে প্রমাণক হিসেবে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত প্রয়োজনীয় সনদের সত্যায়িত কপি;
চ. ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র; [প্রযোজ্য ক্ষেত্রে];
ছ. শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক প্রদত্ত প্রতিবন্ধী সনদ/পরিচয়পত্র/**সুবর্ণ নাগরিক কার্ড**; [প্রযোজ্য ক্ষেত্রে];
জ. তৃতীয় লিঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত সনদ/পরিচয়পত্র; [প্রযোজ্য ক্ষেত্রে];
ঝ. জাতীয় পরিচয়পত্রের (NID) সত্যায়িত কপি;
ঞ. নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি;

ট. অনধিক ৩ মাস পূর্বে তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি;

ঠ. প্রার্থী কর্তৃক আবেদনপত্রে উল্লেখিত স্থায়ী ঠিকানা (Permanent Address) পরিবর্তিত হলে কিংবা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর ঠিকানা ব্যবহার করা হলে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে প্রাক্তন এবং বর্তমান সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কাউন্সিলর/পৌর মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/নোটারি পাবলিক কর্তৃক স্বাক্ষরিত সনদের কপি;

০৩. **উল্লিখিত প্রতিটি ডকুমেন্ট-এ প্রার্থীকে তার রেজিস্ট্রেশন নম্বর অবশ্যই লিখতে হবে।**

০৪. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগনকে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় কর্তৃক জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তির শর্তানুযায়ী মূল আবেদন BPSC Form-5A (Applicant's Copy) কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd থেকে ডাউললোড করে ২নং ছকে উল্লিখিত কাগজপত্রসহ ৩০.১১.২০২৬ তারিখের মধ্যে সকাল ১০:০০ মিনিট থেকে বিকাল ৩:০০ মিনিট পর্যন্ত (সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ব্যতীত) পরিচালক, ইউনিট-৯, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ বরাবর সরাসরি অথবা ডাকযোগে প্রেরণ করতে হবে। **নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে জমাদানে ব্যর্থ হলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে এবং তিনি মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না।**

০৫. প্রকাশিত ফলাফলে যুক্তিসঙ্গত কারণে কোনো সংশোধনের প্রয়োজন হলে কমিশন তা সংশোধনের অধিকার রাখে।

০৬. কোনো প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্তের উল্লেখযোগ্য গুরুতর (Substantive) ত্রুটি দেখা গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোনো পর্যায়ে সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৭. প্রার্থীদের মৌখিক পরীক্ষার তারিখ ও সময়সূচি সংক্রান্ত বিস্তারিত তথ্যাবলী পরবর্তীতে জাতীয় দৈনিক পত্রিকা এবং কমিশনের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

০৮. এ বিজ্ঞপ্তি বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইটে এবং টেলিটক বাংলাদেশ লি: http://bpsc.teletalk.com.bd এর ওয়েবসাইটে পাওয়া যাবে।

- **পড়াশোনা ও জ্ঞানার্জনের মাধ্যমে ভালোভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন।**
- **চাকরির ক্ষেত্রে কোনোরূপ তদবির প্রার্থীদের অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।**

২৩/১১/২০২৬

মোঃ মাহফুজুর রহমান
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)
(চলতি দায়িত্ব)